

তারিখ 0 MAR 2015
১৫

যুগান্তর

বাউফলে ২০ মিনিট পরে পরীক্ষা শুরু করায় কেন্দ্র সচিবকে অব্যাহতি

পটুয়াখালী প্রতিনিধি

নির্ধারিত সময়ের ২০ মিনিট পর পরীক্ষা শুরু করায় এবং প্রশ্নপত্রের ফটোকপি দিয়ে পরীক্ষা নেয়ায় বাউফলের কালাইয়া পরীক্ষা কেন্দ্রের সচিবকে দায়িত্ব থেকে অব্যাহতি দিতে উপজেলা নির্বাহী অফিসারকে চিঠি দিয়েছে বরিশাল শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ। বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বিষয়টি নিশ্চিত করে বলেন, তাকে মৌখিকভাবে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

উল্লেখ্য, বাউফলের কালাইয়া হায়াতুন্নেছা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও কালাইয়া কেন্দ্রের সচিব হারুন অর রশিদ ৭ মার্চের এসএসসি পরীক্ষার দিন বাউফল থানা থেকে সাধারণ বিজ্ঞানের প্রশ্ন না এনে অন্য একটি কেন্দ্র থেকে এক সেট প্রশ্ন সংগ্রহ করে তার ফটোকপি দিয়ে পরীক্ষা করেন। ফলে নির্ধারিত সময়ের ২০ মিনিট পর পরীক্ষা শুরু করতে হয়।

বিষয়টি জানতে পেরে রোববার বরিশাল শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ওই সচিবকে স্বশরীরে বোর্ডে তলব করে তাকে দায়িত্ব থেকে মৌখিকভাবে অব্যাহতি দেন। এবং তার স্থলে কপূরকাঠি ইসলামিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তুফার কান্তি ঘোষকে ওই কেন্দ্রের সচিব পদে দায়িত্ব দেয়া হয়েছে। বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক শাহ মো. আলমগীর জানান, হারুন অর রশিদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়াসহ তাকে অব্যাহতি দেয়ার সুপারিশ করে বাউফল উপজেলা নির্বাহী অফিসারকে ফ্যাক্স পাঠানো হয়েছে।